দামুড়হুদায় প্রস্তাবিত গোলাম মোর্তোজা এতিমখানার সাইনবোর্ড ভেঙে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদায় নিহত গোলাম মোর্তোজার স্মরণে প্রস্তুাবিত নির্ধারিত জমিতে এতিমখানা নির্মাণের জন্য জমি দান করেছেন নিহতের পিতা হাজী আব্দুল মান্নান তরফদার।

এতিমখানা নির্মাণে সংরক্ষিত জমিটির স্থান নির্ধারণের পর জমিটিতে বসানো সাইনবোর্ডটি ভেঙে দিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় স্থানীয়দের মাঝে ব্যাপক ক্ষোভের সৃষ্টি লক্ষ্য করা গেছে। দ্রুত প্রকৃত দুর্বৃত্তদের কে চিহ্নিত করে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন স্থানীয়সহ সচেতন মহল।

জানা গেছে, গত শনিবার দামুড়হুদা উপজেলা সদরের মাথাভাঙ্গা নদী সংলগ্ন স্থানে নিহত গোলাম মোর্তোজার স্মরণে ৭ শতক মূল্যবান জমি দান করেন নিহতের পিতা হাজী আব্দুল মান্নান তরফদার।

রবিবার এতিমখানা জন্য দান করা জমিটি পারিবারিক ভাবে দেখার জন্য গেলে হাজী আব্দুল মান্নান তরফদার এর বড় ছেলে দেখেন এতিমখানা নির্মাণের নির্ধারিত জমিতে বসানো সাইনবোর্ডটি কে বা কাহারা ভেঙে তুলে ফেলেছে।

এ বিষয়ে জমি দানকারী হাজী আব্দুল মান্নান তরফদার এর সাথে কথা বললে তিনি অশ্রুসিক্ত কন্ঠে বলেন, আমার ছোট ছেলে গোলাম মোর্তোজা গত বছরে মৃত্যুবরণ করেন। আমার ছেলের স্মরণে আমি আমার ৭ শতক জমি এতিমখানার নির্মাণের জন্য নিধারিত করি।

স্থানীয়সহ ক একজন এতিম বাচ্চাসহ গত শনিবার দোয়া অনুষ্ঠান করে জমিটির নির্ধারিত স্থানে সাইনবোর্ড বসানো হয়েছিলো।

তবে রবিবার এতিমখানার উল্লেখিত জমিটি দেখার জন্য গেলে দেখা যায় জমিটিতে বসানো সাইনবোর্ডটি কে বা কাহারা ভেঙে ফেলেছে। আমার ছেলের স্মরণে এতিমখানা নির্মাণ করতেও যদি বাধা সৃষ্টি করেছে এর

চাইতে আমার কাছে আর দুঃখ জনক ঘটনা কিছুই হতে পারে না।

আমার জানা মতে আমার ছেলে সমাজের ছোট বড় সকলের সাথে মিলে মিশে থাকতেন, সে কারো কোন ক্ষতি করনি। আজকে তার স্মরণে এতিমখানা নির্মাণ করা হবে তাতেও বাঁধা দিতে চাইছে কারা জানিনা।

মহান আল্লাহ রাব্বুল আলামীন তাদের কে হেদায়েত দান করুক। অতি দ্রুতই কমিটি গঠন পূর্বক উল্লেখিত জমিটি হস্তান্তর করা হবে ইনশাআল্লাহ।

উল্লেখ্য, নিহত গোলাম মোর্তোজার স্মরণে এতিমখানা নির্মাণের জন্য নিহতের পিতা উপজেলা সদরের মাথাভাঙা ব্রিজ সংলগ্ন ৭শতক জমিতে ছেলের নামে এতিমখানা তৈরির জন্য জমি দান করেন।

জমি দানের পর গত শনিবার নির্ধারিত স্থানটিতে এতিম সহ স্থানীয়দের উপস্থিততে জমিটিতে সাইনবোর্ড বসিয়ে দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় এতিম সহ উপস্থিত ছিলেন, নিহত গোলাম মোর্তোজার পিতা হাজী আব্দুল মান্নান, বড় ভাই মোস্তফা আহমেদ, হাফিজুর রহমান, তাজ উদ্দিন, জাহিদ হোসেন, সন্টু, মুয়াজ্জেস।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন হাফেজ মাওলানা মোঃ আশরাফুল ইসলাম এ বিষয়ে আজ দামুড়হুদা মডেল থানায় একটি অভিযোগ দায়ের করবেন বলে জানা গেছে।

মেহেরপুরের শালিকাতে সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

মেহেরপুর সদর উপজেলার শালিকাতে সড়ক দুর্ঘটনায় আছিম (১৬) নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

রোববার সন্ধ্যা ৭ টার দিকে রাধাকান্তপুর-দারিয়াপুর গ্রামের গোরস্থানের সন্নিকটে এ দুর্ঘটনা ঘটে। নিহত আছিম মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের ছলিম বিশ্বাসের ছেলে ও স্থানীয়

মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র।

স্থানীয় সূত্রে জানা গেছে, মাগরিবের নামাজের পর আছিমতার বড় ভাইয়ের পালসার মোটরসাইকেল নিয়ে ঘুরতে বের হয়। শালিকা গ্রাম থেকে রাধাকান্তপুর-দারিয়াপুর রাস্তায় উঠে বেপরোয়া গতিতে মোটরসাইকেল চালায় সে।

এক পর্যায়ে মোটরসাইকেলের গতি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছের সাথে ধাক্কা লেগে ঘটনাস্থলেই মারা যায়।

পরে মাঠের কয়েক জন কৃষক দুর্ঘটনাটি দেখে গ্রামে খবর দিলে স্থানীয়রা তার মরদেহ উদ্ধার করে নিজ বাড়িতে নেন। মহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান এ তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে রমজান উপলক্ষে অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে ঝিনাইদহে অসহায় ২ হাজার দুস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

রোববার সকালে ঝিনাইদহ শহরের আরাপপুর পশ্চিম পাড়ায় এ খাদ্য সামগ্রী বিতরণ করে জোহান ড্রীম ভ্যালী পার্ক ও জোহান গ্রুপের স্বত্বাধীকারী মোয়াজ্জেম হোসেন।

সকালে খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচীর উদ্বোধন করেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমী।

এসময় উপস্থিত ছিলেন জোহান গ্রুপের স্বত্বাধীকারী মোয়াজ্জেম হোসেন, বিশিষ্ঠ ঠিকাদার মিজানুর রহমান মাসুমসহ অন্যান্যরা।

সেসময় পৌরসভার বিভিন্ন এলাকার ২ হাজার পরিবারের ১০ কেজি চাল, ২

কেজি আলু, ১ কেজি ছোলা ও আধা কেজি সয়াবিন তেল বিতরণ করা হয়।

রমজানে খাদ্যসামগ্রী পেয়ে খুশি অসহায় পরিবারগুলো। এসময় মোয়াজ্জেম হোসেন বলেন, আমার সামর্থ অনুযায়ী যতটুকু সম্ভব তাদের পাশে দাঁড়াবার চেষ্টা করছি।

আপনাদেরকেও অসহায়দের পাশে দাঁড়ানোর আহবান জানাচ্ছি। আপনার সাম্যর্থের মধ্যে যে যতটুকু পারেন সাহায্যের হাত বাড়িয়ে দেন।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে ২ টি গরু প্রদান

ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের মধুপুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে কৃষক মজনু জোয়ার্দ্দারের ২ টি গরু মারা যাওয়ার পর তাকে ২ টি গরু প্রদাণ করা হয়েছে।

রোববার সকালে এ্যাসোসিয়েশন ফর এ্যাডভান্সমেন্ট এন্ড ডেভেলপমেন্ট (এ্যাড) ও এফএনএফ ফার্মাসিউটিক্যালস এর সহযোগিতায় ২ গরু প্রদাণ করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা এ্যাড’র নির্বাহী পরিচালক মাহমুদুল হাসান ফোটন’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম।

বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও উপস্থিত ছিলেন এ্যাড’র সহকারী নির্বাহী পরিচালক মিলন কুমার শিকদার, সিনিয়র পরিচালক (মাইক্রোফিন্যান্স) বিল্লাল হোসেন, পরিচালক ফিরোজ মাহমুদ, আইটি অফিসার তৌফিক মুন্সী। অনুষ্ঠান পরিচালনা করেন পরিচালক (প্রশাসক) শামীমা পারভীন)।

উল্লেখ্য, গত ২৭ মার্চ মধুপুর পুর্বপাড়া গ্রামের কৃষক মজনু জোয়ার্দ্দার ফেলা বিশ্বাস নামের এক কৃষকের ১০ কাঠা জমি চাষ করতে যায়।

জমি চাষের পরে মই দিতে গিয়ে জমিতে থাকা ওজোপাডিকো বিদ্যুৎ বিভাগের খাম্বার পাশে আসলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ২ টা চাষের গরু মারা যায় যার, দাম আনুমানিক মূল্য ৫ লাখ টাকা।

কৃষক মজনু এই সময়ে নিজে সামান্য শর্ট খেয়ে ছিটকে পড়ার কারনে সে প্রাণে বেঁচে যায়।

সীমান্তে হত্যা-মানবপাচার বন্ধসহ সুসম্পর্ক বজায় রাখতে ফলপ্রসু আলোচনা

বাংলাদেশ-ভারত সীমান্তে মানুষ হত্যা, মাদকদ্রব্য পাচার, তারকাটার বেড়া না কাটাসহ বিজিবি-বিএসএফ যৌথ টহল জোরদার করা এবং সীমান্তেরর বিভিন্ন সমস্যা ও তার সমাধানের পথ খুঁজতে দর্শনা সীমান্তে বিজিবি বিএসএফ এর মধ্যে সেক্টর কমান্ডার পর্যায়ে শান্তিপূর্ণ আলোচনা হয়েছে।

শনিবার চুয়াডাঙ্গার দর্শনা জয়নগর সীমান্তের মেইন পিলার ৭৬ এর নিকট দর্শনা আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিজিবি-বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

উক্ত বৈঠকে বাংলাদেশের পক্ষে কুষ্টিয়া মিরপুর সেক্টর কমান্ডার কর্নেল মহিউদ্দিন মোহাম্মদ জাবেদ এর নেতৃত্বে বিজিবির ২০ সদস্যের সমন্বয়ে গঠিত প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল ইশতিয়াক আহমেদ, ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল শাহিন আজাদ, যশোর-৪৯ বিজিবি ব্যাটালিয়নের লে. কর্নেল মিনহাজ সিদ্দিকী এবং ভারতের বিএসএফ এর পক্ষে কৃষ্ণনগর সেক্টর কমান্ডার (ডিআইজি)

শ্রী অমরেশ কুমার আরিয়া’র নেতৃত্বে কমান্ডেন্ট শ্রী সুদীপ কুমার, কমান্ডেন্ট শ্রী সঞ্জয় কুমার, কমান্ডেন্ট শ্রী সুনীল কুমার, শ্রী ওয়াগিন্ডার আগরওয়াল, সেকেন্ড ইন কমান্ড শ্রী এইচ,এস লোয়াং সহ উভয় দেশের ১০ সদস্যের প্রতিনিধিদল স্ব,স্ব দেশের নেতৃত্ব দেন।

বিকাল সাড়ে পাঁচটায় এ বৈঠক সমাপ্ত ঘোষনা করা হয়। বৈঠকে দু’দেশের মধ্যে সীমান্তের বিরাজমান বিভিন্ন বিষয়ে দ্বি-পাক্ষিক ফলপ্রসু আলোচনা হয়েছে বলে বিজিবির কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল মহিউদ্দিন মোহাম্মদ জাবেদ সাংবাদিকদের জানান।

এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর,সেকেন্ড অফিসার এসআই আহাম্মদ আলী বিশ্বাস, ইমিগ্রেশন ইনচার্জ এস,আই আব্দুল আলিম, ডি,এস,বি সদস্য কামাল হোসেন, প্রমুখ। সার্বিক তত্বাবধায়নে ছিলেন, দর্শনা বিজিবির কোম্পানী কমান্ডার নায়েব সুবেদার জহির উদ্দীন বাবর, আই,সি,পি ইনচার্জ হাবিলদার আলাউদ্দিন।

গাংনীতে তুচ্ছ ঘটনায় স্বামী স্ত্রীকে রড দিয়ে পিটিয়ে আহত

ঘর খুলে দেওয়ার মিথ্যা অভিযোগ দিয়ে আরিফুল ইসলাম (৫০) ও তার স্ত্রী পারভীনা খাতুনকে লোহার রড দিয়ে নির্মমভাবে পিটিয়ে মারাত্বক আহত করেছেন বড় ভাই মিন্টু হোসেন ও তার ছেলে সুইট।

শনিবার দিবাগত রাত আনুমানিক রাত ৮টার দিকে গাংনী উপজেলার কাজিপুর গ্রামের হাজীপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।
স্থানীয়রা জানান, সন্ধ্যার দিকে প্রতিবেশীর এক ছাগল মিন্টু হোসেনের ঘরের দরজা খোলা পেয়ে ঢুকে পড়ে।

এঘটনায় মিন্টু হোসেন তার ছোট ভাইয়ের স্ত্রী পারভীনা ঘরটি খুলে দিয়েছে বলে মিথ্যা অভিযোগ দেন। পরে মিন্টু হোসেন ও তার ছেলে সুইট এসে পারভীনা খাতুনকে লোহার রড দিয়ে বেধড়ক পেটাতে থাকে।

এক পর্যায়ে পারভীনার স্বামী আরিফুল ইসলাম ঠেকাতে গেলে তাকেও লোহার রড দিয়ে মাথায় আঘাত করে। স্থানীয়রা ছুটে আসলে মিন্টু ও তার ছেলে সুইট পালিয়ে যায়।

পরিবারের লোকজন মারাত্বক আহত আরিফুল ও তার স্ত্রী পারভীনাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক শোভন মল্লিক জানান, দুজনেরই মাথায় আঘাত হওয়ায় সেখানে একাধিক সেলাই দেওয়া হয়েছে। তবে তাদের অবস্থা খুব সুবিধাজনক অবস্থায় নেই। চিকিৎসা চলছে ।

এঘটনায় মামলায় দায়েরের প্রস্তুতি চলছে বলে জানান পারভীনার ভাই কাজিপুর ইউনিয়ন পরিষদের সাধারণ সদস্য (মেম্বর) আজিজুল হক।

আলমডাঙ্গার জেহালায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

দক্ষ পুলিশ সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ এ স্লোগান নিয়ে আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল ৪ টার দিকে জেহালা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণের ফুটবল মাঠে এ বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়। বিট পুলিশিং সমাবেশে আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সার্বক্ষণিক আপনাদের সেবা দিয়ে যাচ্ছে। দিনের সাথে পাল্টে গেছে পুলিশের ভূমিকা। একটি সময় ছিলো পুলিশের নিকট জনগণ যেতে হতো বর্তমানে পুলিশ জনগণের দৌড়গোড়ায় পৌছাই গেছে।

একটি সময় ছিলো এ আলমডাঙ্গা উপজেলায় মাদক ও সন্ত্রাসের অভায়রণ্য।

পুলিশের তৎপরতায় সন্ত্রাসী নেই বললেই চলে। তবে, মাদক সেবীদের সেই অভায়রণ্য আজ বিলুপ্তির পথে। জেলা পুলিশ সার্বক্ষণিক মাদক, সন্ত্রাস ও কিশোর গ্যাং এর বিরুদ্ধে কঠোর ভূমিকা পালন করে আসছে।

তিনি আরো বলেন, কেউ অপরাধ করে পালিয়ে থাকতে পারবে না। আপনারা যে কোন অপরাধ মূলক ঘটনা জানতে পারলে সরাসরি আমাকে জানাবেন। পুলিশ মানুষের বন্ধু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি অপারেশন একরামুল হোসেন, জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন, জেলা শ্রমিক লীগের সহ-সভাপতি ইসলাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস রহমান প্রমূখ।

হোগলডাঙ্গার মাঠে ভূমিদস্যু রকুর বালি উত্তোলন: নেই কোনো প্রতিকার

দামুড়হুদার চিহিৃত ভূমিদস্যু রোকনুজ্জামান রকু দিন দিন বেপরোয়া হয়ে উঠেছে। বিঘা বিঘা ফসলি জমি থেকে মাটি-বালু উত্তোলন করে রাতারাতি বনে গেছে কোটিপতি। নিরুপাই হয়ে পড়েছে হোগলডাঙ্গা গ্রামের কৃষকরা।

জানা গেছে, দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের হোগলডাঙ্গা গ্রামের মৃহ মহিউদ্দীন বিশ্বাস ওরফে মহি সরকারের সেজো ছেলে চিহিৃত ভূমিদস্যু রোকনুজ্জামান রকু (৪২) হোগলডাঙ্গা গ্রামের মাঠের বিভিন্ন ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি-বালু উত্তোলন করে চলেছে।

তার মাটি-বালু উত্তোলনে আশে পাশের কৃষি জমির মালিকরা প্রায় তার কাছে জিম্মি হয়ে পড়েছে। ১৫-২০ফিট গহীন করে কৃষি জমি থেকে মাটি-

বালু কেটে বিভিন্ন ইট ভাটায় বিক্রি করছে।

পাশের জমিগুলোতে ভাঙ্গন সৃষ্টি হচ্ছে প্রতিনিয়ন। ধষে পড়ছে ফসলি জমির মাটি-বালু। মাটি-বালু ভর্তি অবৈধযান ট্রাক্টরগুলো দাপিয়ে বেড়াচ্ছে হোগলডাঙ্গা গ্রামের মাঠ সহ বিভিন্ন সড়ক জুড়ে।

শুধু কৃষকরাই না ওই গ্রামের জনজীবন হয়ে উঠছে বিপর্যস্ত। এখনি বেপরোয়া চিহিৃত ভূমিদস্যু রোকনুজ্জামান রকু’কে প্রতিরোধ না করতে পারলে হোগলডাঙ্গা গ্রামের মাঠ থেকে বিলুপ্ত হয়ে যাবে ত্রি-ফসলি জমিগুলো। নাম না প্রকাশের শর্তে স্থানীয় কৃষকরা জানান, রোকনুজ্জামান রকু খুবই প্রভাবশালী।

বিভিন্ন রাজনৈতিক নেতার সাথে তার সখ্যতা। সেই সুযোগে সে দীর্ঘদিন যাবত ক্ষমতার দাপটে কৃষি জমি থেকে মাটি উত্তোলন করে কয়েক বছরেই বনে গেছে কোটিপটি। সে কাউকেই পরোয়া করে না।

কৃষি জমিতে তার অত্যাচারের মাত্রা দিনকে দিন বৃদ্ধি পেয়েই চলেছে। শুনেছি কৃষি জমির মাটি-বালু কাটা অপরাধ। কি যেন এক অদৃশ্য শক্তির বলে সে তার অবৈধ মাটি-বালু কাটা চালিয়ে যাচ্ছে। আমাদের কৃষি জমি রক্ষার্তে আমরা এ থেকে প্রতিকার চাই।

হরিণাকুণ্ডুতে কৃষকলীগের ত্রী- বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

কৃষক বাচাঁও দেশ বাচাঁও এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জেলা পরিষদ অডিটোরিয়ামে শনিবার সকাল সাড়ে এগারটায় কৃষকলীগের ত্রী-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা কৃষক লীগের সম্মেলন প্রস্তুত কমিটির সভাপতি আব্দুল্লাহ আল বাকী শিলু বিশ্বাস এর সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় সংসদের ২ আসনের এমপি মোঃ তাহজীব আলম সিদ্দিকী (সমি)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপদেষ্টা সদস্য,ঝিনাইদহ সদর

উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পানু, বাংলাদেশ কৃষক লীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হালিমা রহমান, বাংলাদেশ কৃষক লীগের বেসরকারি সংস্থা বিষয়ক সম্পাদক অ্যাড. মিরুল ইসলাম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় কৃষক লীগের সদস্য মাহফুজা সুলতানা রুবি, ঝিনাইদহ জেলা কৃষক লীগের সভাপতি সাজেদুল ইসলাম সোম, শৈলকূপা উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদুন্নবী কালু, ঝিনাইদহ জেলা কৃষক লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এম.এস উজ্জ্বল, জেলা কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক বি.এম রাজীব হাসান রাজু, হরিনাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সাজেদুল ইসলাম (টানু মল্লিক), উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যাক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন,শরাফত দৌলা ঝন্টু, নাজমুল হুদা তুষার,এডভোকেট বজলুল রহমান, বসির উদ্দীন, জাহিদুল ইসলাম বাবু, মনজুর রাশেদ।

প্রধান অতিথির বক্তব্যে তাহ্জীব আলম সিদ্দিকী (সমি) এমপি বলেন,আমি আওয়ামী লীগ করি। আমি বঙ্গবন্ধুর দল করি, শেখ হাসিনার দল করি। আমি কোনো ভাই-লীগ করিনা। বর্তমানে বঙ্গবন্ধুর আত্মা ও তার কন্যা জননেত্রী শেখ হাসিনার আত্মা বিক্রয় করা হচ্ছে, আমি জীবিত থাকতে কাউকে আত্মা বিক্রি করতে দেবনা ইনশাল্লাহ।

বর্তমান সরকারের কৃষিখাতে বহুবিধ উন্নয়নের চিত্র তুলে ধরে বলেন, সার কেনার জন্য এখন আর লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয় না।সারের জন্য এখন আর কৃষককে মরতে হয় না। সরকার কৃষিখাতে ভর্তুকি প্রদান করছে, বিভিন্ন ধরনের কৃষি যন্ত্রপাতি দিচ্ছে।

সম্মেলনের প্রথম অধিবেশনে উপজেলার পৌরসভা সহ ৮টি ইউনিয়নের কৃষক লীগের নেতৃবৃন্দ ও ডেলিগেটগণ অংশ নেন।
সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে কেন্দ্রীয় কৃষকলীগের সিনিয়ার সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা শরিফ আশরাফ আলীর সভাপতিত্বে এবং কেন্দ্রীয় কৃষকলীগের সাগঠনিক সম্পাদক অধ্যাপক নাকমূল ইসলাম পানুর সঞ্চালনায় কাউন্সিলরদের অংশ গ্রহণে সন্মেলন প্রস্তুত কমিটির আহবায়ক আব্দুল্লাহ আল বাকী শিলু বিশ্বাসকে সভাপতি ও জসিম উদ্দীন টিপুকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্য বিশিষ্ট উপজেলা কৃষকলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষনা করা হয়।

দর্শনায় নিজ অর্থায়নে মসজিদ নির্মাণ করলেন এমপি টগর

দর্শনা-মুজিবনগর মহাসড়ক সংলগ্ন, দর্শনা রেলবাজারস্থ পৌর আ.লীগের কার্যালয়ের সামনে নিজ অর্থায়নে ২য় তলা ভবনের শিতাতপ নিয়ন্ত্রিত জামে মসজিদ নির্মাণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ, হাজী আলী আজগার টগর।

শুক্রবার পবিত্র জুম্মার নামাজের মধ্যদিয়ে মসজিদের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষনাকালে হাজী আলী আজগার টগর বলেন, আমার অনেক দিনের আশা ছিলো দর্শনায় একটা মসজিদ করবো। সেই আশা ও আমার স্বপ্ন পূরন হলো।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, আ.লীগ নেতা হাজি জাহিদুল ইসলাম, আলী আহমদ সোনা, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, বিল্লাল হোসেন, আব্দুস সালাম ভুট্টো, যুবলীগ নেতা আ. হান্নান ছোট, আ. মান্নান খান, শেখ আসলাম আলী তোতা, ছাত্রলীগ নেতা আরিফ মল্লিক, রফিকুল ইসলাম ববি, নাহিদ পারভেজ প্রমুখ।

দোয়া পরিচালনা করেন পুরাতন বাজার জামে মসজিদের পেশ ইমাম হাজি মাও নুরুল ইসলাম। প্রথম জুম্মার নামাজ পড়ান মসজিদের ইমাম হাফেজ মাওঃ জুবায়ের।